



## জলদি বাংলাদেশে ভাগো ফের বিতর্কিত মন্তব্য শুভেন্দুর



শুভেন্দু সরকার। ছবি: সংগৃহীত

পশ্চিমবঙ্গে অবৈধ অনুপ্রবেশ ঠেকাতে কড়া অবস্থানে নেমেছে রাজ্য বিজেপি। দলটির নেতা শুভেন্দু অধিকারী দাবি করেছেন, অনুপ্রবেশকারীদের শনাক্ত করে দ্রুত দেশে ফেরত পাঠানোর জন্য প্রশাসন সক্রিয় হয়েছে। এ অবস্থায় সীমান্ত এলাকায় চাপ ও আতঙ্ক তৈরি হয়েছে বলে দাবি করা হচ্ছে।

তিনি বলেন, আটক ব্যক্তিদের আইনি জটিলতা ছাড়াই সরাসরি পুলিশ ও সীমান্তরক্ষী বাহিনীর মাধ্যমে হস্তান্তরের ব্যবস্থা নেওয়া হচ্ছে। ভারত-বাংলাদেশ সমঝোতা অনুযায়ী যাচাই শেষে তাদের ফেরত পাঠানোর প্রক্রিয়া চলছে বলেও তিনি উল্লেখ করেন।

শুভেন্দুর দাবি, দীর্ঘ সময় ধরে অবৈধভাবে অবস্থান করা ব্যক্তিদের কারণে রাজ্যের সম্পদ ও জনসেবায় চাপ পড়ছে। এই কারণ দেখিয়ে কঠোর পদক্ষেপকে তিনি রাজ্য ও জনগণের স্বার্থে প্রয়োজনীয় বলে মন্তব্য করেন।

এরই মধ্যে রাজ্যের স্বরাষ্ট্র দপ্তরের নির্দেশে বিভিন্ন জেলায় হোল্ডিং সেন্টার চালু করা হয়েছে, যেখানে আটক বিদেশীদের রাখা হচ্ছে। মালদা ও মুর্শিদাবাদে এমন কেন্দ্র চালুর পর সেখানে কয়েকজনকে আটক রাখার খবর পাওয়া গেছে।